তারিখ : 15 JUN 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

কালের কণ্ঠ

বাংলাদেশ গণিত সমিতি

# গণিত শিক্ষকদের প্রশিক্ষণে ক্যাসিওর সঙ্গে সমঝোতা সই

বাংলাদেশে স্কুল ও কলেজের শিক্ষকদের গণিতবিষয়ক প্রশিক্ষণ প্রদানের জন্য জাপানের ক্যাসিও কম্পানি ও বাংলাদেশ গণিত সমিতির মধ্যে একটি সমঝোতা স্মারক (এমওইউ) সই হয়েছে। গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের উপস্থিতিতে জাপানি ক্যাসিও প্রতিনিধিদল ও গণিত সমিতির মধ্যে এই এমওইউ স্বাক্ষরিত হয়।

চুক্তিপত্রে উল্লেখ করা হয়, ২০২০ সাল পর্যন্ত বাংলাদেশের স্কুল ও কলেজের গণিত শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যাপারে ক্যাসিও কম্পানি পৃষ্ঠপোষকতা প্রদান করবে। দেশের বিভিন্ন জেলায় স্কুলগুলোতে ওয়ার্কশপ আয়োজনের ব্যাপারে বাংলাদেশ গণিত সমিতি প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। এ ছাড়া ক্যাসিও ২০২০ সাল পর্যন্ত দেশে গণিত সম্মেলনে পৃষ্ঠপোষকতা প্রদান করবে।

এমওইউ স্বাক্ষর অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক সাজেদা বানু ও সম্পাদক অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমূল্য চন্দ্র মণ্ডল এবং ক্যাসিও প্রতিনিধি সিইও কাইতো মিউওয়া ও আবদুল মতিন শেখ। সংবাদ বিজ্ঞপ্তি।